দৈনিক সংবাদ

১০/১০/২০০১

তারিখ ...........

পৃষ্ঠা ১২ কলাম ৩ .......

ভিসির পদত্যাগ দাবি ঃ শনিবার ছাত্রদলের বিক্ষোভ

# আজ ঢা.বিতে ক্লাস শুরু ছাত্রলীগ মিছিল করবে

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** ছাত্রদলের ধর্মঘটের কারণে দীর্ঘ ৬৯ দিন বন্ধ থাকার পর আজ বুধবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হচ্ছে। তবে ১লা অক্টো-বরের নির্বাচনের ফলাফল বাতিল ও পুনর্নির্বাচনের দাবিতে আওয়ামী লীগের দেশব্যাপী সর্বাত্মক অবরোধ কর্মসূচির কারণে আজও ক্লাস না হওয়ার সম্ভাবনা রয়েছে। ছাত্রলীগ আজ ক্যাম্পাসে মিছিল করতে পারে। ছাত্রদল সে মিছিল প্রতিরোধের প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে। ছাত্রদল ২রা অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৩টি হল দখল করলেও জহুরুল হক হলটি এখনও ছাত্রলীগের দখলে রয়েছে। এই হলে ছাত্রলীগের নেতা-কর্মীরা সশস্ত্র অবস্থায় অবস্থান করছে। ছাত্রদলের একটি সূত্রে জানা গেছে, মন্ত্রিপরিষদ শপথ নেওয়ার সাথে সাথেই জহুরুল হক হল দখল করা হবে। ছাত্রলীগও তাদের দখলদারিত্ব বজায় রাখতে প্রস্তুত।

**ভিসির পদত্যাগ দাবি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ. কে. আজাদ চৌধুরীর পদত্যাগের দাবিতে ছাত্রদল আগামী ১৩ই অক্টোবর ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলও সমাবেশ কর্মসূচি পালন করবে। গতকাল মঙ্গলবার দুপুরে অপরাজেয় বাংলার পাদদেশে বিএনপির নবনির্বাচিত সংসদ সদস্যদের অভিনন্দন জানিয়ে ছাত্রদল আয়োজিত এক সমাবেশে নেতৃবৃন্দ এই কর্মসূচির ঘোষণা দেন। ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন মনির হোসেন, আবদুল বারী ড্যানি, সেলিমুজ্জামান সেলিম, সুলতান সালাহউদ্দিন টুকু, ফরহাদ হোসেন আজাদ, মোস্তাফিজুল ইসলাম মামুন, রফিকুল ইসলাম লিটন প্রমুখ।

উল্লেখ্য, উপাচার্য আজাদ চৌধুরীর পদ-ত্যাগসহ ৫ দফা দাবিতে ছাত্রদল তত্ত্বাবধায়ক সরকারের তিন মাসের শাসনামলে ৬৯ দিন ধর্মঘট কর্মসূচি পালন করে।

উপাচার্য আজাদ চৌধুরীর পদত্যাগ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামাত-পন্থী সাদা দলের শিক্ষকদের মধ্যেও চলছে আলোচনা। অনেক শিক্ষকের মুখে শোনা গেছে আজাদ চৌধুরী কয়েক দিনের মধ্যে পদত্যাগ করতে পারেন; কিন্তু আজাদ চৌধুরী পদত্যাগের খবর সম্পূর্ণ অস্বীকার করেছেন এই প্রতিবেদকের কাছে। আজাদ চৌধুরী পদত্যাগ করলে কে হবেন ভবিষ্যৎ উপাচার্য— এ নিয়েও সাদা দলের শিক্ষক-দের মধ্যে চলছে জল্পনা-কল্পনা। শোনা যাচ্ছে আজাদ ঢা.বি ঃ পৃঃ ২ কঃ ৭

## ঢা.বি ঃ ক্লাস শুরু

(১২-এর পৃষ্ঠার পর)

চৌধুরী পদত্যাগ করলে সাদা দলের প্রভাবশালী শিক্ষক, পিএসসির সাবেক চেয়ারম্যান ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক এস. এম. এ ফায়েজ অথবা নৃ-বিজ্ঞান বিভাগের অধ্যা-পক আনোয়ার উল্লাহ চৌধুরী পরবর্তী উপাচার্য হবেন। তবে বাংলা বিভাগের অধ্যাপক ওয়াকিল আহমদ ও সূর্যসেন হলের বর্তমান প্রভোস্ট অধ্যাপক এ.এফ.এম ইউসুফ হায়দারের নামও শোনা যাচ্ছে।

### ছাত্রলীগ কর্মী প্রহৃত

ছাত্রদলের নেতা-কর্মীরা গতকাল মঙ্গল-বার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আ. রাজ্জাক নামে এক ছাত্রলীগ কর্মীকে বেদম প্রহার করেছে।

জানা গেছে, গতকাল দুপুরে আ. রাজ্জাক কলাভবনে আসলে এফ রহমান হলের ছাত্রদল নেতা আজমের নেতৃত্বে ১৫/২০ জন ক্যাডার তার ওপর চড়াও হয়ে বেদম প্রহার করে। পরে তাকে গুরুতর আহত অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সে এফ রহমান হলের ছাত্রলীগের কর্মী ছিল বলে জানা গেছে। সে ইসলামের ইতিহাস বিভাগের ৩য় বর্ষের ছাত্র।